

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ  
ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড  
মেট্রোরেল ভবন  
এমআরটি লাইন-৬ ডিপো, সোনারগাঁও জনপথ  
সেক্টর-১৫-১৬, দিয়াবাড়ি, উত্তরা, ঢাকা-১২৩০  
[www.dmtcl.gov.bd](http://www.dmtcl.gov.bd)

ঢাকা মহানগরী ও তৎসংলগ্ন পার্শ্ববর্তী এলাকার যানজট নিরসনে ও পরিবেশ উন্নয়নে অত্যাধুনিক গণপরিবহন হিসেবে ৬(ছয়)টি মেট্রোরেল লাইনের সমন্বয়ে Dhaka Mass Transit Company Limited (DMTCL) এর আওতায় একটি শক্তিশালী নেটওয়ার্ক গড়ে তোলার নিমিত্ত সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ২০৩০ গ্রহণ করা হয়েছে।

## **MRT Line -2**

২০৩০ সালের মধ্যে গাবতলী থেকে মোহাম্মদপুর-নিউমার্কেট-লালবাগ-মিটফোর্ড-ধোলাইখাল হয়ে ডেমরা পর্যন্ত সম্ভাব্য মেইন লাইন এবং গুলিস্তান থেকে সদরঘাট পর্যন্ত ব্রাঞ্চ লাইন সমন্বয়ে উড়াল ও পাতাল মিলিয়ে প্রায় ২৫ কিলোমিটার দীর্ঘ MRT Line-2 নির্মাণের নিমিত্ত অনুমোদিত PDPP অনুযায়ী Feasibility Study করার জন্য উন্নয়ন সহযোগী সংস্থা অনুসন্ধান করার কাজ চলমান ছিল। গত ০১ জুন ২০২৫ তারিখ অর্থনৈতিক সম্পর্ক বিভাগে এ বিষয়ে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় MRT Line-2 এর Feasibility Study, Basic Design, Detailed Design এবং Tender Assistance কাজসমূহ অন্তর্ভুক্ত করে নতুন PDPP পরিকল্পনা কমিশন ও অর্থনৈতিক সম্পর্ক বিভাগে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত সিদ্ধান্ত অনুযায়ী PDPP প্রস্তুতকরণের কাজ চলমান রয়েছে।